

২৯৯ শিক্ষার্থীকে বৃত্তির চেক দিল সেনাকল্যাণ সংস্থা

ঢাকা সেনানিবাসে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যয়নরত ২৯৯ জন উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীকে শিক্ষাবৃত্তি-দিল সেনাকল্যাণ সংস্থা। গতকাল বুধবার সেনানিবাসের আদমজী ক্যান্টনমেন্ট কলেজ অডিটোরিয়ামে এক অনুষ্ঠানের মাধ্যমে সাধারণ, কারিগরি ও মাদ্রাসার ওই শিক্ষার্থীদের মধ্যে চেক প্রদান করেন সংস্থার চেয়ারম্যান মেজর জেনারেল জাহিদুর রহমান।

আতঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে গতকাল এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, সেনাকল্যাণ সংস্থা প্রতিবছর সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যদের সন্তানদের মধ্যে ষষ্ঠ শ্রেণি থেকে স্নাতকোত্তর পর্যন্ত শিক্ষামূলক বৃত্তি দিয়ে আসছে। এ বছর সারা দেশে সর্বমোট ৯ হাজার ৩৯৭ জন শিক্ষার্থীকে ২ কোটি ৯০ লাখ ৬৮ হাজার ১০০ টাকা দেওয়া হয়েছে।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে সেনাকল্যাণ সংস্থার মহাপরিচালক (কল্যাণ) ত্রিগেডিয়ার জেনারেল মো. ওমর ফারুক, আদমজী ক্যান্টনমেন্ট কলেজের অধ্যক্ষ ত্রিগেডিয়ার জেনারেল তামিম আহমেদ চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি।